মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গ্রহন ও প্রেরণ শাখা
ডাইরী নং ৩২৪৮
তাং ২৩/১২/২১

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং: ২২৬৪ তারিখ: ২৩/১২/২১

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

নং ২০.০৭.০০০০.০০৬.০১.৩৬৭.১৯- ১০৭৯ তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২১খ্রি:

**বিষয়: নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সান্ধ্যকালীন অনলাইনে আয়োজন প্রসঙ্গ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত নন ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ১৫তম ব্যাচ গত ০৫ ডিসেম্বর ২০২১ - ০৩ ফেব্রুয়ারি ২০২২ মেয়াদে অনুষ্ঠিত হওয়ার তারিখ নির্ধারিত ছিলো। কিন্তু অনিবার্য কারণবশত কোর্সের মেয়াদ ০৫ ডিসেম্বর ২০২১ - ০৩ ফেব্রুয়ারি ২০২২ এর পরিবর্তে **১৬ জানুয়ারি-১৬ মার্চ ২০২২** পুন:নির্ধারণ করা হলো। ইতোমধ্যে যারা মনোনয়ন পত্র প্রেরণ করেছেন তাদের পুনরায় মনোনয়ন পত্র প্রেরণের প্রয়োজন নাই। মনোনয়নের সুবিধার্থে কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

(১) কোর্সের উদ্দেশ্য : ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের ননক্যাডার কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কল্যাণে নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে গড়ে তোলা।

(২) প্রশিক্ষণার্থীর পর্যায় : বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ /অধিদপ্তর /স্বায়ত্বশাসিত সংস্থার ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।

(৩) পাঠ্যক্রম ফি : অনলাইনে ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ৬০,০০০.০০/-(ষাট হাজার) টাকা মাত্র। অনলাইন কোর্সফি'র মধ্যে কোর্সের বই, ইন্টারনেট ডাটা এলাউন্সসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভূক্ত। কোর্স শুরুর পূর্বে এনএপিডি থেকে প্রদত্ত প্রকৃত বিল অনুযায়ী কোর্স ফি 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' বরাবর নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদেয়।

(৪) পাঠ্যসূচি কোর্সে ০৬টি ক্ষেত্রে নিম্নোক্ত মোট ২০টি মডিউলের আওতায় আনুমানিক অনলাইনে ২২৫টি সেশন পরিচালনা করা হবেঃ

| Major Area | Module |
|---|---|
| a) Bangladesh studies | Module-1: Introducing Bangladesh |
| b) Public administration | Module-2: Constitution and Government System |
| | Module-3: Leadership and Change Management |
| | Module-4: Local government and Public Management |
| | Module-5: Ethics and Etiquette |
| c) Management process | Module-6: Human Resource Management |
| | Module-7: Office Management and Service Rules |
| | Module-8: Financial Rules and Procedures |
| d) development studies | Module-9: Basics of Economics |
| | Module-10: Development Planning and Project Management |
| | Module-11: Research Methodology |
| | Module-12: Globalization |
| | Module-13: Sustainable Development and Environment |
| | Module-14: Gender and Child Rights |
| e) Skill development | Module-15: English Language Skills |
| | Module-16: Information and Communication Technology (ICT) |
| | Module-17: Book Review |
| f) Relevant Modules | Module-18: Extension Lectures |
| | Module-19: Syndicate Work / Exercise |
| | Module-20: Term Paper / Assignment |

(৫) পাঠ্যক্রমের মেয়াদ : ১৬ জানুয়ারি-১৬ মার্চ ২০২২ (৬০ দিন)।

(৬) প্রশিক্ষণার্থীর সংখ্যা : ৩০ জন

(৭) মনোনয়নের শেষ তারিখ : ১৬ জানুয়ারি ২০২২

(৮) পাঠ্যক্রমের প্রকৃতি : অনাবাসিক এবং অনলাইন (সন্ধ্যা ০৬:০০ থেকে রাত ০৯:০০ ঘটিকা)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ২৪৭৯ তারিখ ২৯/১২/২১
যুগ্ম-সচিব
উপ-সচিব (প্রশাসন)/১/২/৩/৪
উপ-প্রধান
সিঃ সঃ সঃ/সহঃ সঃ
স্বাক্ষর

অনুষ্ঠিতব্য কোর্সটি অনলাইনে Zoom Software ব্যবহারের মাধ্যমে আয়োজন করা হবে। উল্লেখ্য যে, এনএপিডিতে বর্তমানে ১২ টি প্রশিক্ষণ কোর্স অনলাইনে Zoom Software ব্যবহারের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

(৯) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী শিক্ষানবিস কাল ০২ (দুই) বছর, কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত আরও এক বছরসহ ***তিন বছরের মধ্যে বুনিয়াদি প্রশিক্ষণসহ প্রযোজ্য সকল প্রশিক্ষণ সমাপ্ত করে চাকুরীতে স্থায়ীকরণের বাধ্যবাধকতা রয়েছে।*** চাকুরীতে স্থায়ী না হলে /স্থায়ীকরণ শর্ত পূরণ ব্যতিত উচ্চ শিক্ষা, পদোন্নতিসহ সংশ্লিষ্ট আর্থিক সুবিধা প্রদানের সুযোগ থাকে না। এছাড়া চাকুরী স্থায়ী না হলে পেনশন প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হয়। এজন্য বুনিয়াদি প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যেমন উপকৃত হবে, তেমনি প্রশিক্ষণার্থীগণও উপকৃত হবেন।

(১০) কোর্স ফি'র অর্থ থেকে প্রত্যেক প্রশিক্ষণার্থী অনলাইন কোর্সের ক্ষেত্রে ***১০,০০০.০০ (দশ হাজার)*** টাকা আনুষঙ্গিক খরচ (বই, কিট, ইন্টারনেট ইত্যাদি) বাবদ পাবেন।

(১১) উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন একাডেমির মহাপরিচালক কিংবা নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করা যাবে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক জনাব মো: আল-আমিন, প্রশিক্ষণ কর্মকর্তা-২ (মোবাইল: ০১৭১০-০৬৯৩৮০, ইমেইল: alamin.napd@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডির ওয়েবসাইট www.napd.gov.bd এর আসন্ন কোর্সসমূহ হতে "Special Foundation Training Course for Non Cadre Officers" কোর্সের লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে।

(১২) প্রশিক্ষণার্থী না থাকলে শুন্য প্রতিবেদন এবং উপর্যুক্ত কোর্সটি অনক্যাম্পাসে করতে আগ্রহী হলে মহাপরিচালক এনএপিডি বরাবর অবহিত করার অনুরোধ করা হলো।

০৩/০২/২০২১

(মোহাম্মদ আনোয়ার হোসেন)
প্রধান প্রশিক্ষক ও কোর্স পরিচালক
নন-ক্যাডার কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
ফোন: ৫৮৬১১৩৪৫
ইমেইল: anwar.napd@gmail.com

**প্রাপক,**
সচিব
মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।